Baishakh 06, 1424 Bangla, April 19, 2017, Wednesday, No. 109, 47th year

H I G H L I G H T S

Bangladesh & Bhutan sing 2 deals & 3 MoUs to further boast bilateral tie in agriculture, trade, commerce & culture. Sheikh Hasina urges Bhutanese PM to quickly conclude ratification process of BBIN Motor deal. (R. Today: 10)

Sheikh Hasina says initiative to implement the treaty is consistent to Bhutanese climate problem while Bhutanese PM says his country is waiting to see how BBIN can resolve the issue. (R. Today: 10)

Road Transport Minister says authorities concerned are to sit today for resolving issues relating to ongoing BRTA drive & passengers' hassle in capital. (R. Today: 10)

Information Minister says, all have to abide by declaration of Independence, Father of the Nation & 4 principles of Constitution to do politics in Bangladesh. (R. Today: 8)

BNP demands to declare flood-hit haor areas as disaster prone & provide quick relief aid to the victims - alleges, govt. hasn't taken yet effective steps to alleviate sufferings of those people. (VOA: 6)

BNP SG urges govt. to create a ground for credible election by withdrawing all the cases filed against party men. (R. Today: 8)

A Dhaka court has issued arrest warrant against Monirul Haque Sakku, newly elected mayor of Comilla CC in graft case filed by ACC. (R. Today: 7)

BCL activists vandalize swimming pool construction site at outer Stadium in Chittagong & get involved in clash with police leaving at least 10 people including 3 policemen injured. (R. Today: 9)

DB Police have arrested 5 people with 12 pounds of snake venom & another 5 people along with huge fake currencies from two seperate parts of capital. (ABC: 7)

French Security forces have arrested 2 Islamist militants suspected of planning an attack before the presidential election on Sunday. (BBC: 2)

B B C

THERESA MAY ANNOUNCES PLANS TO CALL GENERAL ELECTION IN JUNE

The British Prime Minister Theresa May has announced plans to call its general election in June 3 years ahead of schedule. After previously ruling out an early poll she said,it was the only way to guarantee certainty and stability as Britain negotiated its withdrawal from the European Union. The opposition Labour leader Jeremy Corbin said, he was looking forward to the election campaign as a chance to offer an effective alternative to a government which has failed to rebuild the economy.
(BBC: 21:00+22:00 hrs. 18/04/17 Motaleb/Nargis)

2 MILITANTS SUSPECTED OF PLANNING ATTACK ARRESTED IN FRANCE

French Security forces have arrested two Islamist militants suspected of planning an attack before the presidential election on Sunday. They said, guns and bombs making equipments were found in raids in the southern city of Marshi. French president Francois Hollande said tribute to those involved in the operation.
(BBC: 21:00+22:00 hrs. 18/04/17 Motaleb/Nargis)

IMF PREDICTS IMPROVED GROWTH FOR GLOBAL ECONOMY IN COMING YEARS

The International Monetary Fund is predicting improved growth for the global economy in the coming year.Its chief Economist Maurice Obstfeldt said, a long way of recovery in Manufacture and Trade was already underway. We project the World Economy to grow in a pace of 3.5 percent in 2017 up from 3.1 percent last year and that a pace of 3.6 percent in 2018.(BBC : 21:00+22:00 hrs. 18/04/17 Motaleb/Nargis)

TURKEY MAIN OPPOSITION PARTY ASKS TO ANNUL REFERENDUM RESULT

Turkey's main opposition party the CHP has formally asked the high election board to annul the referendum result. CHP says, more than a million ballots submitted in unofficial envelops should have been rejected.The Prime Minister Binali Yildirim Call it false rumours and futile effort to discredit the referendum which gave sweeping powers to the president. (BBC: 21:00+22:00 hrs. 18/04/17 Motaleb/Nargis)

ABUJA AIRPORT RE-OPENED AFTER SIX WEEKS CLOSURE

Airport in the Nigerian Abuja has re-opened after a 6 weeks closure for repairs to its runway. An Ethiopean Airlines flight was the first to touch down at the airport and other airlines are expected follow soon in coming days.
(BBC: 21:00+22:00 hrs.18/04/17 Motaleb/Nargis)

INDIAN PROMINENT BUSINESSMAN ARRESTED IN LONDON FOR FRAUD

Police in London have arrested the prominent Indian Businessman B.J. Malia in relation to accusations of fraud. A metropolitan police statement said, he was being held on behalf of the Indian authorities. Mr.Malia left India 13 months ago and since then living near London.(BBC : 21:00+22:00 hrs. 18/04/17 Motaleb/Nargis)

কেন্দ্রের অনুমতি ছাড়া আওয়ামী লীগে নতুন সদস্য নেয়া নিষিদ্ধ করা হয়েছে

বাংলাদেশের ক্ষমতাসীন আওয়ামী লীগের মধ্যে সুবিধাবাদীদের অনুপ্রবেশ নিয়ে যে বিতর্ক উঠেছে সে প্রেক্ষাপটে দলটি কেন্দ্রের অনুমতি ছাড়া নতুন সদস্য নেয়া নিষিদ্ধ করেছে। কেন্দ্রীয় নেতারা বলছেন, দেশের যে কোন জায়গায় প্রাথমিক সদস্য পদেও নতুন কাউকে নেয়ার ক্ষেত্রে কেন্দ্রের অনুমতি নেয়ার নির্দেশ তৃণমূলের নেতৃত্বকে জানানো হয়েছে। সম্প্রতি সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের দলে সুবিধাবাদী নব্য আওয়ামী লীগারদের ফার্মের মুরগীর সাথে তুলনা করেছেন। আওয়ামী লীগের মাঠ পর্যায়ের নেতারা অনেকেই মনে করেন বিভিন্ন দল থেকে যোগ দেয়া লোকজন একটি সুবিধাবাদী দল তৈরি করায় ত্যাগী নেতাকর্মীরা দলে কোনঠাসা হয়ে পড়েছে। কাদির কল্লোলের প্রতিবেদন:

ক্ষমতাসীন আওয়ামী লীগের সুবিধাবাদীদের হাইব্রিড এবং কাউয়া হিসেবে অভিহিত করার পর সর্বশেষ তাদের ফার্মের মুরগী হিসেবে বর্ণনা করেছেন দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। গতকাল মুজিবনগর দিবসের এক অনুষ্ঠানে মি. কাদেরের বক্তব্য ছিলো আওয়ামী লীগে ফার্মের মুরগী ঢুকেছে। ফার্মের মুরগীর কারণে দেশী মুরগী কোনঠাসা হয়ে পড়েছে। তার এমন মন্তব্য ব্যাপক আলোচনার সৃষ্টি করেছে। তবে তার এ বক্তব্যের সাথে তৃণমূলের অনেক নেতাকর্মীই এখন নিজেদের এলাকার সাংগঠনিক কর্মকাণ্ডের সাথে মিল খুঁজে দেখছেন। উত্তরের একটি বিভাগীয় শহর রংপুরের মহানগর আওয়মী লীগের সভাপতি শাফিউর রহমান বলছিলেন সুবিধাবাদীদের দাপটের কাছে তিনি নিজেই একজন ভুক্তভোগী (স্বকণ্ঠে): বাংলাদেশ আওয়ামী

লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের যেটা বলছেন সে সমস্যা আমরা রংপুর অঞ্চলেও দেখছি। হঠাৎ করে কিছু কিছু লোক যাদের অতীতে আওয়ামী লীগে দেখা যায় নাই। তারা হঠাৎ বিশাল বিশাল পাওয়ার নিয়ে আমাদের মাঝে হাজির হয়েছে। সামনে তারা আওয়ামীলীগের বড় বড় জায়গা দখল করবে এটা প্রমাণ করতে চাইছে। এর কারণে আওয়ামী লীগের নিজস্ব কর্মীরা অনেক সময় কোনঠাসা হয়ে পড়ছে।

প্রতিপক্ষ বিএনপি এমনকি জামায়াতে ইসলামী থেকেও মাঠ পর্যায়ে আওয়ামী লীগে যোগ দেয়ার কয়েকটি ঘটনা প্রকাশ্যে ঘটে। যদিও সেগুলোর ক্ষেত্রে ব্যাবস্থা নেয়ার কথা আওয়ামী লীগ বলছে। কিন্তু দলটিকে সমালোচনা মোকাবেলা করতে হয়েছে। মাঠ পর্যায়ের নেতাকর্মীদের অনেকেই অভিযোগ তুলেছেন অনেক জায়গায় আওয়ামী লীগ দলীয় সংসদ এবং দল প্রতিপক্ষ হয়ে দাড়িয়েছে সেখানেই অন্য দল থেকে নব্য আসা বা সুবিধাবাদীরা গোষ্ঠী তৈরি করতে পারছে। দক্ষিণ-পশ্চিমের সদর উপজেলার আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শাহানুর ইসলাম বলছিলেন তাদের দল ক্ষতিগ্রস্থ হওয়ার ক্ষেত্রে সুবিধাবাদী গোষ্ঠীকেই বড় সমস্যা হিসেবে তিনি দেখছেন। (স্বকণ্ঠে): আমাদের এলাকায় নব্য এবং সুবিধাবাদীরা মূলত নেত্রীর সকল অর্জনকে ধ্বংস করছে সুবিধাবাদীরা পাশাপাশি এমপি সাহেবরা তার নিজস্ব বলয় তৈরি করার চেষ্টা করতেছে। বিএনপি জামায়াত যে কোন লোক নিয়ে মিটিং করতে পারলে তারা মনে করছে তাদের সাথে লোক আছে। এসব কারণে দল মারাত্মক ক্ষতিগ্রস্থ হচ্ছে দিন দিন।

বিষয়গুলো নিয়ে আওয়ামী লীগের সিনিয়র নেতাদেরও অনেকে বিব্রত বলে মনে হয়। তবে তারা দাবী করেন আওয়ামী লীগের নেতৃত্ব সুবিধাবাদীদের হাতে চলে যায়নি। সে কারণে তারা এটাকে উদ্বেগজনক বলে এখনো মনে করছেন দলটির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুল আলম হানিফও একই মন্তব্য করেন। (স্বকণ্ঠে): একটি দল যখন ক্ষমতায় আসে স্বাভাবিকভাবে তখন অন্য বিভিন্ন দল থেকে সুযোগ সুবিধা নেয়ার জন্য অনেকেই যোগদান করতে চায়। এ সুযোগ সন্ধানীরা যাতে দলে প্রবেশ করে দলের ভাবমূর্তি নষ্ট করতে না পারে সে ব্যাপারে প্রথম থেকেই আমাদের একটা নির্দেশনা ছিলো মাঠ পর্যায়ে। তারপরেও আমরা লক্ষ করেছি কিছু কিছু লোক ঢুকে পড়েছে তারা হয়ত সুযোগ সুবিধা নিয়ে আমাদের পরিবেশটা নষ্ট করেছে।

যদিও আওয়ামী লীগের নেতারা বলছেন সুবিধাবাদীদের দাপট তাদের দলকে উদ্বেগজনক অবস্থায় এখনো নিয়ে যায়নি। কিন্তু সম্প্রতি তাদের কেন্দ্রীয় নির্বাহী সাংসদের বৈঠকে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। মাহবুবুল আলম হানিফ বলছিলেন তাদের সে বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী নতুন সদস্য নেয়ার ক্ষেত্রে কেন্দ্রর অনুমতি নেয়ার নির্দেশ সারা দেশের নেতাকর্মীদের পাঠানো হয়েছে(স্বকণ্ঠে): দলে কাউকে নেয়ার ক্ষেত্রে আমাদের সুনির্দিষ্ট গাইডলাইন আছে। সে গাইডলাইন অনুসরণ করে যদি কাউকে নেয়ার প্রয়োজন হয় তবে সেন্ট্রালের পারমিশন নিয়ে নিতে হবে। অন্য দল থেকে কেউ যোগ দিতে চাইলে তাদের সম্পর্কে সকল তথ্য নিয়ে যাচাই বাছাই করে কেন্দ্রের অনুমতি সাপেক্ষে তাকে যোগদান করানো যেতে পারে। সেক্ষেত্রে আমি মনে করি এরকম সুবিধাবাদীরা আর প্রবেশ করতে পারবে না। কিন্তু নানা ব্যাবস্থার কথা বলা হলেও সুবিধাবাদী গোষ্ঠীকে নিয়ে তৃণমূল নেতাকর্মীদের উদ্বেগ থাকছেই। (বিবিসি: ১৯:৩০ঘ. ১৮/৪/১৭ সোনিয়া/জালাল)

কুসিক মেয়র মনিরুল হক সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি

বাংলাদেশের কুমিল্লা সিটি কর্পোরেশনে সদ্য নির্বাচিত মেয়র বিএনপি নেতা মনিরুল হক সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করা হয়েছে। অবৈধ সম্পদ অর্জন ও তথ্য গোপণের অভিযোগে ঢাকার একটি আদালত থেকে এ গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়। সাঈদুল ইসলামের প্রতিবেদন :

প্রায় সাড়ে পাঁচ কোটি টাকার অবৈধ সম্পদ অর্জন এবং তথ্য গোপণের অভিযোগে ২০০৮ সালের জানুয়ারিতে মামলাটি করেছিল বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন। সেই মামলায় অভিযোগপত্র আমলে নিয়ে ঢাকার আদালত মঙ্গলবার মনিরুল হক সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি সহ তার সম্পত্তি জব্দ করার আদেশও দিয়েছেন। তবে মামলার অভিযোগ থেকে তার স্ত্রীকে অব্যাহতি দেয়া হয়েছে। গত ৩০ শে মার্চ নির্বাচনে কুমিল্লা সিটি কর্পোরেশনে দ্বিতীয়বারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন বিএনপি নেতা মনিরুল হক। (বিবিসি: ১৯:৩০ ঘ: ১৮/০৪/১৭ ফারুক/আশরাফ)

রাবিতে ভাস্কর্য তছনছের ঘটনাটি ঘটিয়েছে বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য বিভাগেরই কয়েকজন ছাত্র

বাংলাদেশে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কয়েকশ' ভাস্কর্য তছনছের যে ঘটনা নিয়ে আজ সারাদেশে তোলপাড় হয়ে গেছে। দেখা যাচ্ছে সেই তছনছের ঘটনাটি ঘটিয়েছে বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য বিভাগেরই কয়েকজন ছাত্র। কিন্তু মূল কারণটি প্রকাশ্যে আসার আগেই কয়েক ঘন্টা ধরে এটিকে ইসলামী মৌলবাদীদের কাজ ধরে নিয়ে ব্যাপক প্রতিবাদ বিক্ষোভ হয়েছে। ভাস্কর্য তছনছকারীরা এখন ভূল স্বীকার করে ক্ষমা চাইছে আর কর্তৃপক্ষ বলছে তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। কিন্তু বাংলাদেশে সেই সময়টিতে ভাস্কর্য ইস্যুটি দারুন স্পর্শকাতর হয়ে রয়েছে এখন এই ভাস্কর্য তৈরীর শিক্ষার্থীরা এমনটি করতে গেলো কেন। আর যারা আন্দোলন বিক্ষোভ করেছে তারাইবা সেটি করার আগে কতোটা খোঁজ খবর নিয়েছিলো।

আহারার হোসেনের প্রতিবেদন:

আজ সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য ও সিরামিক বিভাগের এক কর্মচারী এসে আবিস্কার করেন বিভাগের আঙ্গিনায় প্রদর্শনীর জন্য রাখা কয়েকশ' ভাস্কর্য তছনছ করে কে বা কারা। বেশীর ভাগেই স্থানচ্যুত কোন কোনটির মাথা নিচে পা

উপরে। বিভাগের শিক্ষকদের কক্ষের দরজায় বারান্দায় বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে আছে কতক। এই খবর ছড়িয়ে পরতে না পরতেই বিক্ষুব্ধ হয়ে উঠলো (অস্পষ্ট)। ইসলামপন্থী মৌলবাদীদের লক্ষ্য করে তীব্র সব স্ট্যাটাস আসতে থাকলো ফেইস বুকে। শহরের সব সাংবাদিকেরা এসে জড়ো হলেন বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে। এমনকি এটাকে ইসলামপন্থী মৌলবাদীদের কাজ ভেবে একটি বিক্ষোভ মিছিলও করে ফেললো রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ আরো বিভিন্ন তরফ থেকে বিক্ষোভ চলছিলো। কিন্তু ঘন্টা কয়েক পর বের হলো আর কেউ নয় স্বয়ং ভাস্কর্য বিভাগের মাস্টাসের ছাত্ররাই করেছে এই কাজ। ভাস্কর্য ও সিরামিক বিভাগের প্রধান মোস্তফা শরীফ আনোয়ার প্রকৃত জিনিসটা আসলে ফাইন্ড আউট করার চেষ্টা আসলে কেউ করে নাই আমরা আসলে টিচাররা আগে চেষ্টা করেছি যে আসলে এটার মানে মোটিভগুলো দেখেছি। মোটিভ দেখে আমরা বুঝে ফেলেছি যে এটা বাইরের কারুর করার কথা নয়। আমার কাছে যেটা মনে হয়েছে যে তারা নিজেদের কিছু অপ্রাপ্তির বিচ্ছিন্ন বর্হিঃপ্রকাশ করেছে কয়েকজন। এটাকে এখন মনে হয় তারা বুঝতে পারেনি যে কোন পর্যায়ে যাবে। যার কারণে এখন হয়তো তাদেরকে এলার্ট করা হয়েছে এবং আমরা আসরে ফাইন্ড আউট করছি ওদের মুখ থেকে। যারা যারা স্বীকার করেছে তাদেরকেই আমরা মানে ফাইন্ড আউট করেছি তার মধ্যে একটা ছেলে বলেছে যে আমি কয়েকজনকে নিয়ে করেছি।

অবশ্য ছাত্ররা বলছেন, তাদের এই ভাস্কর্যগুলো সঠিকভাবে রক্ষাণাবেক্ষণ করা হচ্ছিলো না। এর প্রতিবাদেই তারা এগুলোকে তছনছ করেছেন। কিন্তু এমন একটি সময়ে তারা এই কাজটি করলেও যখন ঢাকায় সুপ্রিম কোর্টের সামনের একটি ভাস্কর্য এবং এটি সরানোর দাবিতে ইসলামপন্থী আন্দোলন নিয়ে বাংলাদেশে গত বেশ কয়েকদিন ধরে চলছে তীব্র বিতর্ক। এই বিতর্কে জড়িয়েছেন স্বয়ং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পর্যন্ত। এরই মধ্যে আবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বাংলা বর্ষবরণ উপলক্ষ্যে আঁকা দেয়াল চিত্র রাতের আঁধারে বিনষ্ট করবার ঘটনা ঘটেছে। ভাস্কর্য ও সিরামিক বিভাগের মাস্টার্স শ্রেনীর ছাত্র মোঃ ইমরান হোসেনের মতামত:

মি. ইমরান: যারা ইনভলব ছিলো তারা এই কাজটা করার আগে এই জিনিসটা ভাবে নাই যার কারণে এই কাজটা করে ফেলছে। কিন্তু আসলে সেটার উদ্দেশ্য খারাপ ছিলো না কিন্তু আক্ষরিক অর্থে আসলে আমাদের ইন্টারন্যাল কিছু সমস্যার প্রতিবাদের উদ্দেশ্যে এটা করা হয়েছিলো। সেজন্য আমরা সেটাকে রিকভার করার জন্য মানে আমরা সরি বলতেছি যেহেতু আসলে আমরা একটা ভূল সময়ে ভুলভাবে উপস্থাপণ করেছি বিষয়টা।

মি. হোসেন প্রতিবাদের কথাটি উল্লেখ করছেন কিন্তু রাতের আধারে ভাস্কর্য তছনছ করা ছাড়া ছাত্ররা আরো কিছুই করে নাই। তারা কোন স্মারকলিপি দেননি কিংবা কী কারণে তারা এই কাজ করছেন তা কোন ব্যানার, ফেস্টুন বা লিফলেটের মাধ্যমে তুলেও ধরেননি। এমনকী ব্যাপারটি গোপণ রেখেছেন তারা এবং এক পর্যায়ে ঘটনাটি সারাদেশে স্ফুলিঙ্গের মতো ভূলভাবে ছড়িয়ে পরছে দেখে তারা এসে কৃতকর্ম স্বীকার করেন। কিন্তু ততোক্ষণে যা ঘটার ঘটে গেছে দেশব্যাপী বিক্ষুব্ধ হয়ে উঠেছে মানুষ যেমনটি আগেই বলেছি। রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে মিছিলও করে ফেলেছে ছাত্রলীগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সভাপতি গোলাম কিবরিয়া অবশ্য দাবি করছেন তারা মিছিল করবার আগ মূহুর্তেই জানতে পেরেছিলেন এটা বিভাগের ছাত্রদেরই কাজ।

সভাপতি: মিছিল করার আগেই জানতে পারলাম যে এর সঙ্গে চারুকলা বিভাগের কিছু স্টুডেন্ট জড়িত এটার সঙ্গে। তো এটা আসলে এই আওয়াজ হচ্ছে ভাস্কর্য ভেঙ্গে তো প্রতিবাদের তো অন্যরকম ভাষা থাকে। তো এর পিছনে কারা আছে নিশ্চয়ই কোন ইন্ধনদাতা বা মৌলবাদী কোন শক্তি থাকতেই পারে।

এইদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানাচ্ছে তারা এরই মধ্যে এই ঘটনার সঙ্গে জড়িত সবাইকে চিহ্নিত করে ফেলেছে। আগামীকাল এনিয়ে একটি বৈঠক করবে তারা এবং জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিবে।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১৮/০৪/১৭ কবির/আশরাফ)

সিরিয়ায় মানুষের প্রাণহানী বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ব্যর্থ হয়েছে সৈন্যরা: হিউম্যান রাইটস ওয়াচ

মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ বলেছে, গতমাসে সিরিয়ার একটি মসজিদে বিমান হামলায় বেসামরিক মানুষের প্রাণহানী ঠেকাতে প্রয়োজনীয় সতর্কতা নিতে ব্যর্থ হয়েছে মার্কিন সেনারা। ঐ হামলায় অন্তত: ৩৮ জন নিহত হয়। যদিও মসজিদে হামলার বিষয়টি অস্বীকার করে আমেরিকা বলছে, তারা আল কায়েদার ঘাঁটিতে লক্ষ্য করে হামলা চালিয়েছিল।

(বিবিসি: ২২:৩০ ঘ: ১৮/০৪/১৭ এলিনা/হেলাল)

সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আজ এক প্রতিবাদ কর্মসূচীর আয়োজন করেছে সম্মিলিত সাংস্কৃতিক জোট

সকল প্রকার সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আজ দেশব্যাপী এক প্রতিবাদ কর্মসূচীর আয়োজন করেছে সাংস্কৃতিক সংগঠন সম্মিলিত সাংস্কৃতিক জোট। এরই অংশ হিসেবে বিকেল সাড়ে চারটায় কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতিবাদ সমাবেশ ডাকা হয়েছে। এছাড়া একই সময়ে দেশের অন্যান্য জেলা শহরেও একই ধরণের কর্মসূচী পালন করবে সংগঠনটি। সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুস এর ভাষ্য:

মি. কুদ্দুস: আমরা বলেছি যে অসাম্প্রদায়িক চেতনা ও বাংলাদেশ বিরোধী কোন কিছু মানিনা। এর মানে হলো যে, আমাদের দেশে সাম্প্রতিককালে বিশেষ করে পহেলা বৈশাখকে কেন্দ্র করে আমাদের কিছু শক্তি যারা বাংলা নববর্ষের বিরুদ্ধে দীর্ঘদিন

ধরে নানা ধরনের অপপ্রচার চালিয়েছিল। এবং একই সময়ে আমরা প্রত্যক্ষ করেছি যে, একটি বিশেষ গোষ্ঠী তারা এই মঙ্গল শোভাযাত্রাকে নিষিদ্ধ করার দাবি জানিয়েছে। তারা হুমকি দিয়েছিল যে এটি করা যাবে না।

বিবিসি: আপনি জানেন বর্তমানে যে বাস্তবাতা এখানে সুপ্রীমকোর্টের সামনে ভাস্কর্য সরানোর বিষয়ে সরকারের যে সর্বোচ্চ পর্যায়ে, সেখান থেকেও আশ্বাস দেয়া হয়েছে। আবার ধর্মভিত্তিক যে জোট, হেফাজতে ইসলামের সঙ্গে সরকারের সমঝোতার আভাসও দেখা যাচ্ছে। তো সরকারের এই অবস্থানকে আপনারা কিভাবে দেখবেন? বা আপনারা যে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আন্দোলন করছেন সেটা কিভাবে কতটা জোরদার হবে?

মি. কুদ্দুস: একই সাথে হেফাজতে ইসলাম এবং জামায়াতে ইসলাম থেকে বলা হচ্ছে আমাদের মঙ্গল শোভাযাত্রার বিরুদ্ধে। এবং বলা হচ্ছে বাংলাদেশের সকল ভাস্কর্য সরিয়ে দিতে হবে। আমরা প্রথমত: এগুলোকে মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী এবং অসাম্প্রদায়িক সমাজ ব্যবস্থার বিরুদ্ধে মনে করি। আমরা এগুলোর বিরুদ্ধে সংস্কৃতির মাধ্যমে বিশ্ববাসীকে ঐক্যবদ্ধ করতে চাই। এবং এখনো পর্যন্ত আমাদের বর্তমান সরকার কখনই ভাস্কর্যের বিরুদ্ধে কিছু বলেনি। মাননীয় প্রধানমন্ত্রী একটি কথা বলেছেন সুপ্রীম কোর্টের সামনে যে ভাস্কর্যটি করা হয়েছে এই একটি ভাস্কর্যের বিষয়ে তিনি তাঁর মতামত রেখেছেন।

বিবিসি: এখানে আপনার কাছে একটু জানতে চাই যে হাইকোর্টের সামনে থেকে ভাস্কর্যটি সরানোর দাবির বিষয়ে সরকার বেশ নমনীয় হয়েছে বলেই কিন্তু দেখা যাচ্ছে। তো এভাবে যদি অন্য ক্ষেত্রগুলোতেও ঘটে বা ঘটতে থাকে তাহলে এখানে পদক্ষেপটা কি হবে? বা কেমন হবে?

মি. কুদ্দুস: আমি শুধু একটি ঘটনা দিয়ে একটি সরকারের চরিত্র বিশ্লেষণ করতে রাজী নই এই কারণে-কারণ আমরা দেখছি এই সরকার একদিকে যুদ্ধাপরাধীদের বিচার সম্পন্ন করছে, একদিকে সাম্প্রদায়িক জঙ্গি গোষ্ঠীর বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। একদিকে বাঙ্গালী সংস্কৃতি লালন-বিকাশের জন্য তারা রাষ্ট্রীয়ভাবে উদ্যোগ গ্রহণ করেছে প্রথমবারের মত। এবং একটি ঘটনা দিয়ে সামগ্রিকভাবে সরকারের চরিত্র নির্ধারণ করা ঠিক নয় বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি।

বিবিসি: তাহলে যদি অন্যান্য ক্ষেত্রে এরকম হয় তাহলে আপনাদের পদক্ষেপ কেমন হবে?

মি. কুদ্দুস: আমি আগেও বলেছি এখনও বলছি আমরা ভাস্কর্যের পক্ষে। পৃথিবীর সকল মুসলিম দেশে ভাস্কর্য আছে। সুতরাং বাংলাদেশেও ভাস্কর্য থাকবে এর সাথে ধর্মের কোন বৈরিতা নেই। ধর্মের বৈরীতা যদি থাকতো, তাহলে সৌদি আরব, তুরস্ক, মিসর, ইন্দোনেশিয়া, ইরানসহ পৃথিবীর সকল মুসলিম দেশে ভাস্কর্য থাকতো না।

বিবিসি: এখানে একটু আপনার কাছে জানতে চাই যে এই ধরণের একটা অীভযোগ শোনা যায় যে অন্য সরকার যখন থাকে। তখন আপনারা বা সম্মিলিত সাংস্কৃতিক জোট যতখানি জোরালোভাবে প্রতিবাদ করেন। কিন্তু যদি আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকে তখন আপনাদেরকে যেন কিছুটা ছাড় দিতে দেখা যায়। এই বিষয়ে আপনি কি বলবেন?

মি. কুদ্দুস: এই অভিযোগটি যারা করে, তারা মূলত মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী শক্তি। কারণ আমরা মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করি, অসাম্প্রদায়িক সমাজ প্রতিষ্ঠিত করতে চাই। যুদ্ধপরাধীদের বিচার চেয়েছি। এবং সাম্প্রদায়িক অপশক্তির বিরুদ্ধে আমাদের বক্তব্য সোচ্চার রেখেছি। যারা যুদ্ধাপরাধীদেরকে লালন করে, পৃষ্ঠপোষকতা করে, মুক্তিযুদ্ধের চেতনার বিরুদ্ধে কাজ করে গণতন্ত্রের বিরুদ্ধে ষড়যন্ত্র করে তারা স্বাভাবিকভাবেই আমাদের বক্তব্যকে সমালোচনা করবে। আমাদেরকে একটি বিশেষ দলের দিকে ঠেলে দেবে। এটাই তাদের রাজনীতি। (বিবিসি: ০৬:৩০ ঘ: ১৯/০৪/১৭ খালেদা/হেলাল)

বৃটেনে মধ্যবর্তী নির্বাচনের ঘোষণা দিয়েছে দেশটির প্রধানমন্ত্রী

বৃটেনে মধ্যবর্তী নির্বাচনের ঘোষণা দিয়েছে দেশটির প্রধানমন্ত্রী তেরেসা মে। তিনি বলেছেন, আগামী ৮ই জুন নির্বাচন অনুষ্ঠানের জন্য তিনি আাগমীকালই সংসদে প্রস্তাব আনবেন। ব্রেকসিটের বিষয়ে জনগণ একমত হলেও সংসদ দ্বিধা বিভক্ত উল্লেখ করে বৃটিশ প্রধানমন্ত্রী বলেন, ব্রেকসিটের পর বৃটেনের স্থিতিশীলতা নিশ্চিত করতে জাতীয় স্বার্থেই তিনি মধ্যবর্তী নির্বাচনের ডাক দিয়েছেন। বৃটেনের বর্তমান সংসদের মেয়াদ রয়েছে ২০২০ সাল পর্যন্ত।
(বিবিসি: ২২:৩০ ঘ: ১৮/০৪/১৭ এলিনা/হেলাল)

বৃটেনে গ্রেফতারকৃত ভারতীয় ধনকুবের বিজয় মালিয়ার জামিন লাভ

জালিয়াতির অভিযোগে বৃটেনে গ্রেফতারকৃত ভারতের ধনকুবের শিল্পপতি বিজয় মালিয়া আদালতে হাজির হবার পর তাকে জামিন দিয়েছে আদালত। তবে তাকে আটলাখ ডলার জরিমানা করা হয়েছে এবং তার পাসপোর্টও জমা দিতে বলেছে আদালত। প্রায় এক বছরেরও বেশি সময় আগে ভারত থেকে পালিয়ে বৃটেনে গিয়ে আশ্রয় নিয়েছিলেন মি. মালিয়া। ভারত বহুদিন ধরেই মি. মালিয়াকে তাদের হাতে তুলে দেয়ার জন্য বৃটেনকে অনুরোধ জানিয়ে আসছিল। তাকে আজ স্কটল্যান্ড ইয়ার্ড গ্রেফতার করলেও কয়েকঘণ্টার মধ্যেই জামিন পেলেন মি. মালিয়া। (বিবিসি: ২২:৩০ ঘ. ১৮-০৪-১৭ এলিনা/সজীব)

অবৈধ অভিবাসীরা দেশ ছাড়ার সুযোগ গ্রহণ করবে বলে সৌদি কর্তৃপক্ষের আশাবাদ

সৌদি আরবে অবৈধ অভিবাসী শ্রমিকদের সাধারণ ক্ষমা ঘোষণা করে তাদের বৈধ হবার বা দেশ ছেড়ে যাবার যে সময় বেঁধে দিয়েছে কর্তৃপক্ষ তাতে অন্ততঃ দশলাখ শ্রমিক এই সুবিধা গ্রহণ করবে বলে আশা করছে দেশটির সরকার। মধ্যপ্রাচ্যসহ আফ্রিকা ও এশিযার বহু শ্রমিক সৌদি আরবে অবৈধভাবে কাজ করে। গতমাসে দেশটির অবৈধ অভিবাসী শ্রমিকদের জন্য

নব্বইদিনের সাধারণ ক্ষমা ঘোষণা করে এক নির্দেশনায় বলে যে, এই সুযোগ গ্রহণ করলে অবৈধ শ্রমিকদের দণ্ড ও জরিমানা মওকুফ করা হবে। (বিবিসি: ২২:৩০ ঘ. ১৮-০৪-১৭ এলিনা/সজীব)

সাইবার অভিযোগ বিষয়ে মেয়েদের সচেতন করতে ঢাবি কর্তৃপক্ষের উদ্যোগ গ্রহণ

বিশ্বের অনেক দেশের মত বাংলাদেশের নারীরাও বিভিন্ন সময়ে সাইবার হয়রানীর অভিযোগ করেন। এমন অনেক অভিযোগের তদন্তও করছে বিআরটি ও পুলিশ। কোন কোন ক্ষেত্রে বিচার শেষে শাস্তিও হয়েছে। জানা যাচ্ছে, বাংলাদেশে সবচেয়ে সাইবার অপরাধের শিকার হন অল্প বয়সী নারী ও কিশোরীরা। এমন প্রেক্ষাপটে ঢাবিতে মেয়েদের সচেতন করতে একটি উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয়ের আইটি সোসাইটি। মেয়েদের জন্য সাইবার নিরাপত্তা নিয়ে এখানে নানা বিষয় তুলে ধরা হবে। ঢাবির আইটি সোসাইটির সাধারণ সম্পাদক মো. ইবনে কায়েস বক্তব্য:

বিবিসি: এই আয়োজনের মাধ্যমে আপনারা ঠিক কি অর্জন করতে চাইছেন?

মি. কায়েস: সাইবার জগতে সবচেয়ে বেশি হয়রানীর শিকার হন মেয়েরা। আমাদের লক্ষ্য হচ্ছে, মেয়েদের সাইবার জগত সম্পর্কে সচেতন করা। যারা অলরেডি ভুক্তভোগী হয়েছেন তারা অনেকে হয়তো দিকনির্দেশনা পান না বা কি করা উচিত জানেন না। বাংলাদেশে যে সাইবার আইন আছে বা আইনী সহায়তা কীভাবে পাবেন অনেকে সেটাও জানেন না। থানায় গিয়েও অনেকে সহায়তা পান না। সেক্ষেত্রে কার কাছে যেতে হবে বা আমরা আইনী সহায়তাও দিয়ে থাকি।

বিবিসি: আপনারা শুধু মেয়েদেরকে নিয়ে এই অনুষ্ঠানটি কেন করছেন?

মি. কায়েস: সাইবার ক্রাইমের শিকার কিন্তু সবচেয়ে মেয়েরাই বেশি হয়। এর কারণ হচ্ছে, মেয়েরা ঘটনা শেয়ার করতে চায় না। যার ফলে ঘটনাটা বৃহৎ আকার ধারণ করে। সেজন্য মেয়েদের দিয়েই আমরা শুরু করেছি। ভবিষ্যতে রেস্পন্স ভাল পেলে ছেলেদের নিয়েও কাজ করব।

বিবিসি: একজন মেয়ে যখন ইন্টারনেটে কাজ করেন তখন তিনি কীভাবে বুঝবেন যে তিনি তার নিরপত্তা বিঘ্নিত হচ্ছে?

মি. কায়েস: মেয়েরা যখন ফেসবুক ব্যবহার করেন তখন তার আইডিতে যে ছবি থাকে সেটা যদি সে পাবলিকলি শেয়ার করেন। তবে তার সসম্যা হতে পারে। অনেকে জানেন না তার নিজের আইডির যে পাসওয়ার্ড থাকলে কেউ সেটা তার আইডিতে কেউ ঢুকতে পারে না। এবিষয়গুলো নিয়েই মোটামুটি আমরা আলোচনা করব।

(বিবিসি: ০৭:৩০ ঘ. ১৯-০৪-১৭ আছাদ/সজীব)

ভয়েস অফ আমেরিকা

তিন মাস ধরে বাংলাদেশে নিখোঁজ ফরাসি বিশ্ব পরিব্রাজক

এক ফরাসি বিশ্ব পরিব্রাজক বাংলাদেশে গিয়ে প্রায় তিন মাস ধরে নিখোঁজ রয়েছেন। তার সন্ধানে ঢাকার ফরাসি দূতাবাস বাংলাদেশের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহায়তা কামনা করেছে । আমির খসরুর প্রতিবেদন:

আর্চার উনজের নামে বছর বয়সের ঐ ফরাসি পর্যটক বিশ্ব ভ্রমণে বেরিয়ে বিভিন্ন দেশ ভ্রমণ করে ৯ই জানুয়ারি বেনাপোল স্থলবন্দর ফিরে বাংলাদেশে প্রবেশ করেন। ২৬ জানুয়ারি থেকে তার সাথে তার স্বজনদের আর কোন যোগাযোগ নেই। অর্থাৎ তখন থেকেই তিনি নিখোঁজ রয়েছেন এমনটাই স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে জানিয়েছে ঢাকাস্থ ফরাসি দূতাবাস। এ ব্যাপারে ঢাকায় কোন কর্মকর্তা কোন মন্তব্য করেননি। তবে অনুসন্ধান চলছে বলে জানিয়েছেন। বাংলাদেশ থেকে ঐ ফরাসি পর্যটকের মিয়ানমার হয়ে মালয়েশিয়াসহ ঐ অঞ্চলে যাওয়ার কথা ছিল বলে জানা গেছে।

(ভোয়া : ২২:০০ ঘ. ১৮/০৪/১৭ মোতালেব/নারগীস)

সাত জেলার হাওড় অঞ্চলকে দুর্গত এলাকা ঘোষণার দাবি বিএনপির

বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের সাতটি জেলার হাওড় এলাকাকে দুর্গত এলাকা ঘোষণার দাবি জানিয়েছে রাজনৈতিক দল বিএনপি। কারণ সীমান্তের ওপার থেকে আসা পানির ঢলে ও বৃষ্টির কারণে বন্যায় সেখানে ব্যাপক ফসলহানী হয়েছে।

জহুরুল আলমের প্রতিবেদন:

মঙ্গলবার ঢাকায় এক সংবাদ সম্মেলনে বিএনপি মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, এখন পর্যন্ত বিএনপির প্রাপ্ত তথ্য অনুযায়ী নেত্রকোনা, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট ও কিশোরগঞ্জ জেলায় প্রায় তিন লাখ হেক্টর জমির ফসল নষ্ট কিংবা ক্ষতিগ্রস্ত হয়েছে। হাওড় অঞ্চল ক্ষতিগ্রস্ত হলেও সরকারি কোন পদক্ষেপ নেয়া হয়নি বলে অভিযোগ করে মীর্জা ফখরুল ইসলাম আলমগীর সেখানে দ্রুত ত্রাণ সহায়তা দেয়ার দাবি জানান। তিনি বলেন, খুবই নীরবে বাংলাদেশে বিশাল এবং ভয়ঙ্কর দুর্যোগ ঘটে গেছে যার ফলে হাওড়াঞ্চলের হাজার হাজার কৃষক মানবেতর জীবনযাপন করছে।

(ভোয়া: ২২:০০ ঘ. ১৮/০৪/১৭ মোতালেব/হেলাল)

রেডিও তেহরান

আমেরিকার আহ্বানকে রাজনৈতিক বাগড়াম্বর বলে প্রত্যাখ্যান করেছে পাক সেনাবাহিনী

পাকিস্তানকে সব সন্ত্রাসী গোষ্ঠীর বিরুদ্ধে নির্বিচারে লড়াই করার যে আহ্বান আমেরিকা জানিয়েছে তাকে রাজনৈতিক বাগড়াম্বর বলে প্রত্যাখ্যান করেছে পাক সেনাবাহিনী। একদিনের অঘোষিত সফরে ইসলামাবাদ গিয়ে পাক নেতৃত্বকে এ বার্তা পৌঁছে দেন

মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা লে. জেনারেল এইচ আর ম্যাক মাষ্টার্ন। সন্ত্রাসী গোষ্ঠীর বিরুদ্ধে নির্বিচারে লড়াই করার মার্কিন আহ্বানের বিষয়ে প্রশ্ন করা হলে পাক সেনাবাহিনীর মুখপাত্র মেজর জেনারেল আসিফ গাফুর একে রাজনৈতিক বাগড়াম্বর বলে নাকচ করে দেন। তিনি বলেন, আন্তর্জাতিক সম্প্রদায়ের বিজ্ঞ সদস্যরা সন্ত্রাসবাদ বিরোধী লড়াইয়ে পাকিস্তানের অবদান স্বীকার করে নিয়েছেন। (রে. তেহরান: ২০:৩৫ ঘ: ১৮/০৪/১৭ এলিনা/হেলাল)

কুসিক মেয়র সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি

বাংলাদেশের আদালত কুমিল্লা সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র ও বিএনপি নেতা মনিরুল হক সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন। একইসঙ্গে তার স্থাবর, অস্থাবর সম্পত্তি ক্রোকের নির্দেশ দেয়া হয়েছে।

আব্দুর রহমান খানের প্রতিবেদন:

কুমিল্লা সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র ও বিএনপি নেতা মনিরুল হক সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি ও তার স্থাবর-অস্থাবর সম্পত্তি ক্রোকের আদেশ দিয়েছেন আদালত। সাক্কুর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের অভিযোগপত্র আমলে নিয়ে আজ মঙ্গলবার সকালে ঢাকা মহানগরের জ্যেষ্ঠ বিশেষ জজ মো. কামরুল হোসেন মোল্লা এ আদেশ দেন। তবে সাক্কুর স্ত্রীকে এ অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হয়েছে। দুর্নীতি দমন কমিশনের সরকারি কৌশুলি মোশারফ হোসেন কাজল সাংবাদিকদের জানান, আগামী ৯ই মে এ মামলায় সাক্কুকে গ্রেফতার করা হল কিনা তার প্রতিবেদন দেয়ার জন্য দিন ধার্য করা হয়েছে। গ্রেফতারি পরোয়ানার ব্যাপারে মনিরুল হক সাক্কু বলেন, আমি ঐ মামলায় আদালতে হাজির না হওয়ার কারণে এ আদেশ জারি করা হয়েছে। ঐ মামলায় আমি সুপ্রিম কোর্ট থেকে স্থায়ী জামিন নিয়েছি। তবে আমার আইনজীবী বিষয়টি আদালতের কাছে উল্লেখ না করায় এ অবস্থা হয়েছে। আগামীকাল আদালতে এ সম্পর্কিত নথিপত্র উপস্থাপন করা হবে। মামলার সংক্ষিপ্ত বিবরণ অনুযায়ী ২০০৮ সালের ৭ই জানুয়ারি দুদকের সহকারি পরিচালক শাহিন আরা মমতা বাদী হয়ে সাক্কু ও তার স্ত্রী আফরোজা জেসমিনের বিরুদ্ধে জ্ঞাত আইনবহির্ভূত সম্পদ অর্জন ও সম্পদের তথ্য গোপন করার অভিযোগে রমনা থানায় মামলা করেন। (রে. তেহরান: ২০:৩৫ ঘ. ১৮-০৪-১৭ এলিনা/সজীব)

রেডিও এবিসি

রাজউকের প্রধান পরিকল্পনাবিদকে দুদকের জিজ্ঞাসাবাদ

অনিয়মের বিষয় রাজউকের প্রধান পরিকল্পনাবিদ সিরাজুল ইসলামকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। মঙ্গলবার তাকে জিজ্ঞাসাবাদ করেন দুদকের কর্মকর্তারা। (রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

বার পাউন্ড সাপের বিষসহ পাঁচজন আটক

বার পাউন্ড সাপের বিষসহ পাঁচ ব্যক্তিকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। এছাড়া, জাল মুদ্রা তৈরির সঙ্গে জড়িত থাকার অভিযোগে পাঁচ ব্যক্তিকে আটক করার কথা জানিয়েছে ডিবি। (রেডিও এবিসি : ১৫:০০ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

হেফাজতের সব নয়, কিছু কিছু দাবির সাথে বিএনপি একমত ছিল: মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, হেফাজতের সব নয়, কিছু কিছু দাবির সঙ্গে বিএনপি একমত ছিল, এখনও সে অবস্থানেই আছে। বরং হেফাজতকে বশে এনে কাছে টানার চেষ্টা করছেন সরকার। এ ব্যাপারে বিএনপির অবস্থান ডাবল স্ট্যান্ডার্ড না। মঙ্গলবার এক সংবাদ-সম্মেলনে প্রশ্নের জবাবে মির্জা ফখরুল এসব কথা বলেন।

(রেডিও এবিসি : ১৮:০০ ঘ. ১৮/০৪/১৭ সোনিয়া/আহমেদ)

রেডিও টুডে

মনিরুল হক সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা

অবৈধ সম্পদ অর্জনের মামলায় কুমিল্লা সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র মনিরুল হক সাক্কুর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেছেন ঢাকার একটি আদালত। সকালে ঢাকার মহানগর দায়রা জজ আদালতের বিচারক কামরুল হোসেন মোল্লা এই আদেশ দেন। ২০০৮ সালে রাজধানীর রমনা থানায় সাক্কুর বিরুদ্ধে মামলাটি দায়ের করে দুর্নীতি দমন কমিশন দুদক। যে মামলায় গত বছরের ৪ঠা ফেব্রুয়ারি আদালতে অভিযোগপত্র দেয়া হয়।

(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

গণপরিবহন সঙ্কটে, নাকাল নগরবাসী

রাজধানী ঢাকায় সিটিং সার্ভিস বন্ধসহ বিভিন্ন অনিয়ম প্রতিরোধে বিআরটিএ পরিচালিত অভিযানের আজ তৃতীয় দিনেও গণপরিবহন সঙ্কটে নাকাল নগরবাসী। ঠেলাঠেলি করে বাসে উঠতে না পেরে সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছেন নারীরা। যাত্রীদের অভিযোগ, দূরত্ব অনুযায়ী ভাড়া আদায় বিআরটিএ'র নির্দেশনা থাকলেও তা মানা হচ্ছে না। তবে বাস বন্ধ রেখে গণপরিবহন সঙ্কট সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। গতকাল বিআরটিএ'র চেয়ারম্যান এমন কথা বললেও এখন পর্যন্ত কারও বিরুদ্ধে এমন পদক্ষেপ নেয়ার খবর পাওয়া যায়নি।

(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

তিনদিনের রাষ্ট্রীয় সফরে ভুটান গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

অটিজম বিষয়ক একটি আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে তিনদিনের সরকারি সফরে ভুটান গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ধ্রুক এয়ারওয়েজের একটি বিশেষ ফ্লাইটে বাংলাদেশ সময় দুপুর পৌনে ১২টার দিকে সফরসঙ্গীদের নিয়ে রাজধানী থিম্পুর পারো আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগতঃ জানান ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে এবং সে দেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জিসনো রায় চৌধুরী। এ সময় বাংলাদেশের প্রধানমন্ত্রীকে দেয়া হয় গার্ড অব অনার। থিম্পুর রাজকীয় অতিথিশালায় অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিসঅর্ডার বিষয় তিনদিনব্যাপী ঐ আন্তর্জাতিক সম্মেলনটি শুরু হবে আগামীকাল বুধবার। এদিকে, ভুটান সফরের প্রথমদিন আজ বিকেলে দেশটির প্রধানমন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক বৈঠক করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। বৈঠক শেষে অভ্যন্তরীণ নৌ রুট ব্যবহার এবং যোগাযোগ ও বাণিজ্যসহ দু'দেশের মধ্যে ছয়টি চুক্তি ও সমঝোতা স্মারক সই হতে পারে। এছাড়া, ভুটান থেকে জলবিদ্যুৎ আমদানির জন্য বাংলাদেশের একশ' কোটি ডলার বিনিয়োগের বিষয়ও একটি সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে সরকার প্রধানের এই সফরে।
(রেডিও টুডেঃ ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

হাওড় অঞ্চলগুলোকে দুর্গত এলাকা ঘোষণার দাবি জানিয়েছেন বিএনপির মহাসচিব

অসময়ের বন্যায় প্লাবিত দেশের হাওড় অঞ্চলগুলোকে অবিলম্বে দুর্গত এলাকা হিসেবে ঘোষণার দাবি জানিয়েছে বিএনপি। দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয় আয়োজিত সাংবাদিক-সম্মেলনে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এই দাবি জানিয়ে এসব এলাকায় সরকারি ত্রাণ তৎপরতাকে অপ্রতুল ও লোক দেখানো বলে মন্তব্য করেন। এ সময় তিনি বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহার করে নির্বাচনের ক্ষেত্র তৈরি করতে সরকারের প্রতি আহবানও জানান। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে বাংলাদেশের কৃষিখাত

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে বাংলাদেশে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে কৃষিখাত। একদিকে উপকূলীয় এলাকায় জলোচ্ছ্বাস ও লবণাক্ততা এবং হাওড় অঞ্চলে আকস্মিক বন্যায় নষ্ট হচ্ছে আবাদী জমি। অন্যদিকে, পানির স্তর নীচে নেমে যাওয়ায় সেচ কার্যক্রম বিঘ্নিত হওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে উত্তর ও উত্তর-পশ্চিমাঞ্চলের ফসলি জমি। বিশ্লেষকরা বলছেন, প্রতি বছর ত্রিশ/চল্লিশ লাখ হেক্টর জমি খরায় ক্ষতিগ্রস্ত হয়। আর প্রায় সাড়ে পঞ্চাশ হাজার হেক্টর জমি আকস্মিক বন্যায় প্লাবিত হয়। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা করা না গেলে ভবিষ্যতে খাদ্য নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে বলেও আশঙ্কা তাদের। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

বাংলাদেশে তেতুল হুজুর চক্র হ'ল রাজাকার,পাকিস্তান ও জঙ্গিপন্থী : তথ্যমন্ত্রী

জাসদ সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বাংলাদেশে রাজনীতি করতে হলে স্বাধীনতার ঘোষণা, জাতির পিতা ও সংবিধানের চার নীতি মানতে হবে। বর্তমান সরকার তেতুল হুজুরদের সাথে সমঝোতা করে নতুন ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। বিএনপি নেতাদের এমন অভিযোগের প্রেক্ষিতে তিনি বলেন, বাংলাদেশের তেতুল হুজুর চক্র হ'ল রাজাকার পাকিস্তান ও জঙ্গিপন্থী। তারা এ দেশের কোন আলেম-ওলামার প্রতিনিধিত্ব করেন না। সকালে কুষ্টিয়া সার্কিট হাউজে জাসদ নেতা-কর্মীদের সাথে মতবিনিময় শেষে সাংবাদিকদের এসব কথা বলেন। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

বিভিন্ন পণ্যের উপর কর কমানোর আহ্বান জানিয়েছেন ব্যবসায়ীরা

২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় বাজেটকে ব্যবসা বান্ধব করতে কৃষি ও পল্ট্রি তেল, গ্যাস, খাদ্য ও পানীয় কেমিক্যাল, চামড়া, কসমেটিক ও জুয়েলারি পণ্যের উপর কর কমানোর প্রস্তাব দিয়েছে সংশ্লিষ্ট খাতের ব্যবসায়ীরা। সকালে রাজধানীর সেগুনবাগিচায় জাতীয় রাজস্ব বোর্ড এনবিআর'র সম্মেলন কক্ষে প্রাক্ বাজেট আলোচনায় এসব প্রস্তাব তুলে ধরেন ব্যবসায়ী নেতারা। এ সময় কাস্টমস কর্মকর্তাদের হয়রানী বন্ধে এনবিআর চেয়ারম্যান নজিবুর রহমানের হস্তক্ষেপ চেয়েছেন তারা।
(রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

আগামীকাল দুই রাজাকারের মামলার রায় ঘোষণা

'৭১-এর মানবতাবিরোধী অপরাধের মামলায় কিশোরগঞ্জের সৈয়দ মোঃ হুসাইন ও মোঃ মসলেম প্রধানের বিরুদ্ধে আগামীকাল রায় ঘোষণা করবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। মামলা আজ আদালতের কার্যতালিকায় এলে সকালে বিচারপতি আনোয়ারুল হকের নেতৃত্বাধীন ট্রাইব্যুনাল রায় ঘোষণার জন্য এদিন ধার্য করেন।গত ৭ই মার্চ শুনানি শেষে মামলাটি রায় ঘোষণার জন্য অপেক্ষমান রাখা হয়। গত বছরের ৯ই মে দুই আসামীর বিরুদ্ধে অভিযোগ গঠনের মধ্যে দিয়ে বিচারকাজ শুরু করেন ট্রাইব্যুনাল। তাদের বিরুদ্ধে হত্যা, গণহত্যা ও অগ্নিসংযোগসহ মানবতাবিরোধী অপরাধের ছয়টি অভিযোগ রয়েছে। দু'জনের মধ্যে মোঃ মসলেম প্রধান আটক রয়েছে। (রেডিও টুডেঃ ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

রিজার্ভ চুরির ঘটনার তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ একুশে মে

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় দায়ের করা মামলায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য ২১শে মে দিন ধার্য করেছেন ঢাকা মহানগর হাকিম এ.কে.এম. মাইন উদ্দীন সিদ্দিকী। এ নিয়ে প্রতিবেদন দাখিলের ধার্য তারিখ তেরবার পেছাল। আজ মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল কিন্তু মামলার তদন্ত সংস্থা সিআইডি প্রতিবেদন দাখিল না করায় ঢাকা মহানগর হাকিম নতুন এই দিন ধার্য করেন। ২০১৬ সালের ৫ই ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংক থেকে সুইফট কোর্ডের মাধ্যমে জালিয়াতি করে বাংলাদেশ ব্যাংকের আট কোটি দশ লাখ ডলার চুরি করা হয়।
(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

সাংসদ রানার জামিনের স্থগিতাদেশের মেয়াদ ৮ই মে পর্যন্ত বৃদ্ধি

মুক্তিযোদ্ধা ফারুক আহমেদ হত্যা মামলায় টাঙ্গাইল-৩ আসনের আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য আমানুর রহমান খান রানার জামিন স্থগিতাদেশের মেয়াদ আগামী ৮ই মে পর্যন্ত বৃদ্ধি করেছেন সুপ্রিম কোর্টের চেম্বার বিচারপতির আদালত। একই সাথে ঐ দিন বিষয়টি আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে শুনানির জন্য দিন ধার্য করা হয়েছে। রাষ্ট্রপক্ষের আবেদনের প্রেক্ষিতে চেম্বার বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী দুপুরে এই আদেশ দেন। এর আগে গত ১৬ই এপ্রিল রানাকে হাইকোর্টের দেয়া জামিন তিনদিনের জন্য স্থগিত করেন চেম্বার বিচারপতি। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

ভারত বাংলাদেশের জিরো পয়েন্টে ছেলে ও বাবার লাশের জন্য প্রহর গুণছেন গাজীপুরের আছমা বেগম

চিকিৎসা করাতে গিয়ে কলকাতায় ক্যান্সারে আক্রান্ত ছেলের মৃত্যু হয়েছে। আর কফিন বন্দী লাশ নিয়ে দেশে ফেরার পথে মারা গেছেন অসুস্থ বাবা। হৃদয়বিদারক এই ঘটনাটি ঘটেছে ভারত-বাংলাদেশের সীমান্তবর্তী পশ্চিমবঙ্গের বনগার একটি হাসপাতালে। শামীম আহমেদ রফিক ও ছেলে আছাদ মণ্ডলের লাশ নিয়ে ভারত-বাংলাদেশের জিরো পয়েন্টে দেশে ফেরার প্রহর গুণছেন গাজীপুরের বাসিন্দা আছমা বিবি। পনেরদিন চিকিৎসা শেষে গত রোববার ছেলের মৃত্যুর পর লাশ দেশে ফেরার আনুষ্ঠানিকতা শেষ করেন তারা। সেখান থেকে গাড়িতে রওয়ানা হয়ে অসুস্থ হয়ে পড়েন পিতা রফিক। পরে বনগা স্টেট হাসপাতালের চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সাইফুর/আহমেদ)

নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে: অধ্যাপক ওয়াহিদ উদ্দীন

অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদ উদ্দীন মাহমুদ বলেন, কর্মক্ষেত্রে নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ ও নারীকে তার অধিকারা থেকে বঞ্চিত করা হচ্ছে, যা এসডিজি ও আর্থ-সামাজিক উন্নয়নে বড় বাধা। বাংলাদেশের মহিলা আইনজীবী পরিষদের নির্বাহী পরিচালক এডভোকেট সালমা আলী নারীর সুরক্ষার বিষয়ে সরকারের প্রতি যথাযথ পদক্ষেপ নেয়ার দাবি জানিয়েছেন। বিকেলে রাজধানীর সিরডাপ মিলনায়তনে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম ও বাংলাদেশ মহিলা পরিষদ আয়োজিত বৈশ্বিক উন্নয়নের এজেন্ডা ও নারীর অধিকার নতুন বিবেচনা বিষয়ক এক নাগরিক সংলাপে তারা এসব কথা বলেন।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সোনিয়া/আহমেদ)

চট্টগ্রামে আর্টার্ড স্টেডিয়ামে সুইমিংপুল নির্মাণ কেন্দ্র করে ছাত্রলীগের সাথে পুলিশের সংঘর্ষ

চট্টগ্রামের আর্টার্ড স্টেডিয়ামে সুইমিংপুল নির্মাণের কাজ বন্ধ করতে ভাঙ্গচুরের পর পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়িয়েছেন সরকার সমর্থিত ছাত্র সংগঠন ছাত্রলীগ কর্মীরা। বিকেল সাড়ে ৪টার দিকে সেখানকার কাজিরদেউরী এলাকায় ঐ সংঘর্ষে তিন পুলিশ সদস্যসহ অন্তত দশজন আহত হয়েছেন। এ সময় ছাত্রলীগ কর্মীরা বেশকিছু দোকান-পাট ও গাড়ি ভাঙ্গচুর করে, প্রথম দফা সংঘর্ষের পর নগরীর জিইসি মোড় ও প্রবর্তক মোড়সহ বিভিন্ন এলাকায় কর্মীরা অবস্থান নিলে যানচলাচল বন্ধ হয়ে যায়।
(রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সোনিয়া/আহমেদ)

মিরপুর রুটে অধিকাংশ বাসে যাত্রী শায়েস্তা চলছে: যাত্রী কল্যাণ সমিতি

রাজধানীর মিরপুর রুটে অধিকাংশ বাসে মাস্তান প্রকৃতির লোক রেখে যাত্রী শায়েস্তা চলছে বলে অভিযোগ করেছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। আজ জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সংগঠনটির মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী অভিযোগ করে বলেন, গত দুই দিনে রাজধানীর বিভিন্ন রুটে চলাচলকারী যানবাহনের প্রায় চল্লিশ শতাংশই রাস্তায় নামানো হয়নি। এদিকে, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পরিবহন মালিকরা প্রভাবশালী হওয়ায় সব সময় তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যায় না। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সোনিয়া/আহমেদ)

ভুটানের রাজধানী থিম্পুতে অবস্থান করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

অটিজম বিষয়ক একটি আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে তিনদিনের সরকারি সফরে ভুটানের রাজধানী থিম্পুতে অবস্থান করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সন্ধ্যায় সেখানকার ব্যাংকুইট হলে ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগের সাথে বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেখানে বেশ কিছু চুক্তি ও সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে। এর আগে স্থানীয় সময় দুপুর আড়াইটায় নির্ধারিত সূচি অনুযায়ী মোটর শোভাযাত্রা সহকারে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে যাওয়া হয় ভুটানের রাজপ্রাসাদে। সেখানে রাজকীয় অনুষ্ঠানের মধ্যদিয়ে প্রধানমন্ত্রীকে সম্মান জানান দেশটির সশস্ত্র বাহিনীর একটি দল। রাজপ্রাসাদে প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন ভুটানের রাজা জিগমি খেসার নামগিয়েল ওয়াংচুক । সেখানে তারা বেশকিছু

সময় একান্তে কথা বলেন। দ্রুক এয়ারওয়েজের একটি বিশেষ ফ্লাইটে বাংলাদেশ সময় আজ বেলা সাড়ে ১১টায় রাজধানী থিম্পুর পারো আন্তর্জাতিক বিমানবন্দরে পৌছান প্রধানমন্ত্রী শেখহাসিনা। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগতঃ জানান ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সোনিয়া/আহমেদ)

বিনা বিচারে আটক ব্যক্তিদের জামিনের পর তাদের পুনর্বাসনে সুনির্দিষ্ট আইন প্রযোজ্য: এম.এনায়েতুর রহিম

সুপ্রিম কোর্ট লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান ও হাইকোর্টের বিচারপতি এম. এনায়েতুর রহিম বলেছেন, বিনা বিচারে দীর্ঘ সময় ধরে কারাগারে আটক নিরাপরাধ ব্যক্তিরা জামিন পাওয়ার পর সামাজিকভাবে তাদের পুনর্বাসনে সুনির্দিষ্ট আইন প্রয়োজন। এ ক্ষেত্রে সরকারের উপর চাপ তৈরিতে গণমাধ্যম বড় ভূমিকা রাখতে পারে বলেও মন্তব্য করেন তিনি। সকালে সুপ্রিম কোর্টের কনফারেন্স রুমে লিগ্যাল এইড কমিটি আয়োজিত মিট দ্যা প্রেস অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।
(রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সোনিয়া/আহমেদ)

নিবাসে থাকা শিশুদের ভিডিও কনফারেন্সে আদালতে যুক্ত হওয়ার উদ্যোগ নেয়া হচ্ছে: কাজী রিয়াজুল হক

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেছেন যে বিচারের জন্য একজন শিশুকে অবশ্যই আদালতে হাজির করতে হয়। এ লক্ষ্যে নিবাসে বসবাসকারী শিশুরা যাতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালতে যুক্ত হতে পারে, সে উদ্যোগ নেয়া হচ্ছে। সকালে গাজীপুরের টঙ্গীতে শিশু উন্নয়ন বেঞ্চ পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।তিনি আরও বলেন, নিবাসে বসবাসকারী শিশুদের অপরাধের মাত্রা অনুযায়ী শ্রেণীবিন্যাস করে আলাদাভাবে রাখা ও খেলাধুলার ব্যবস্থা করতে হবে। (রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১৮/০৪/১৭ সোনিয়া/আহমেদ)

বাংলাদেশ ও ভুটানের মধ্যে দু'টি চুক্তি ও তিনটি সমঝোতা সই

বাংলাদেশ ও ভুটানের মধ্যে কৃষি, ব্যবসা-বাণিজ্য এবং সংস্কৃতি বিষয়ক দুটি চুক্তি ও তিনটি সমঝোতা স্মারক সই হয়েছে। গতকাল সন্ধ্যায় ভুটানের রাজধানী থিম্পুর রয়্যাল ব্যাংকুয়েট হলে দেশটির প্রধানমন্ত্রী শেরিং তোবগের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপক্ষীয় বৈঠকের পরএসব চুক্তি ও সমঝোতা স্মারক সই হয়। পরে প্রধানমন্ত্রর প্রেস সচিব এহসানুল করিম সাংবাদিকদের জানান, বৈঠকে বাংলাদেশের সরকার প্রধান বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল বিবিআইএন'র মধ্যে সম্পাদিত মোটরযান চুক্তির অনুস্বাক্ষর প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে ভুটানের প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, চুক্তি সম্পাদনের উদ্যোগ ভুটানের জলবায়ু সংক্রান্ত সমস্যার সাথে সঙ্গতিপূর্ণ। এ সময় ভুটানের প্রধানমন্ত্রী বলেন, বিবিআইএন যোগাযোগ সম্পন্ন হলে তা কীভাবে জলবায়ু সমস্যার সমাধানে কার্যকর হয় তারই প্রতিক্ষায় রয়েছে তার দেশ।
(রে, টুডে : ০৮:৪৫ ঘ. ১৯/০৪/১৭ এলিনা/হেলাল)

আজ থিম্পুর রাজকীয় অতিথিশালায় অটিজম সম্মেলনে যোগ দিবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

থিম্পুর রাজকীয় অতিথিশালায় আজ থেকে শুরু হতে যাওয়া অটিজম ও নিউরো ডেভোলাপমেন্টাল ডিজ অর্ডারস বিষয়ে তিনদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনে যোগ দেবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী।সম্মেলনে যোগ দিতে গতকাল ভুটান যান তিনি।
(রে, টুডে: ০৮:৪৫ ঘ. ১৯/০৪/১৭ এলিনা/হেলাল)

রাজধানীসহ সারা দেশে বাড়ছে চালের দাম

রাজধানী ঢাকাসহ সারা দেশে অব্যাহতভাবে বাড়ছে চালের দাম। পাইকারী থেকে খুচরা সব বাজারেই গতকয়েক দিনের ব্যবধানে প্রকারভেদে চালের দাম বেড়েছে কেজি প্রতি ৫ থেকে ৭ টাকা। চাল ব্যবসায়ীরা বলছেন বিগত কয়েক দশকে বছরের এই সময়ে চালের দাম কখনই এতটা বাড়তে দেখেনি তারা। তবে কয়েকটি জেলায় আকস্মিক বন্যার কারণে চালের দাম বেড়েছে এমন দাবি করে মিল মালিকরা বলছেন, ধানের সরবরাহ বাড়লেই কমবে চালের দাম।
(রে, টুডে: ০৮:৪৫ ঘ. ১৯/০৪/১৭ এলিনা/হেলাল)

যাত্রী ভোগান্তি নিরসনে সংশ্লিষ্টরা আজ বৈঠকে বসবেন

রাজধানী ঢাকায় সিটিং সার্ভিস বন্ধসহ বিভিন্ন অনিয়ম প্রতিরোধে বিআরটিএ পরিচালিত অভিযানের তৃতীয়দিন গণপরিবহণে নৈরাজ্য অব্যাহত ছিল। দূরত্ব অনুযায়ী ভাড়া আদায়ে বিআরটিএ'র নির্দেশনা থাকলেও তা মানা হচ্ছে না। এদিকে, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পরিবহণ খাতের সাথে জড়িত ব্যক্তিদের অনেকেই খুব প্রভাবশালী। গতকাল দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের তিনি জানান বিআরটিএ'র চলমান অভিযান ও যাত্রী ভোগান্তি নিরসনের বিষয়টি পর্যালোচনা করতে সংশ্লিষ্টরা আজ বৈঠক করবেন।(রে, টুডে: ০৮:৪৫ ঘ. ১৯/০৪/১৭ খালেদা/হেলাল)

একাত্তরে মানবতাবিরোধী অপরাধে কিশোরগঞ্জের দুই রাজাকারের বিরুদ্ধে রায় আজ

একাত্তরের মানবতাবিরোধী অপরাধের মামলায় কিশোরগঞ্জের সৈয়দ মো: হোসেন ও মোহাম্মদ মুসলিম প্রধানের বিরুদ্ধে আজ রায় ঘোষণা করবেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল মামলাটি আদালতের কার্যতালিকায় এনে গতকাল সকালে বিচারপতি আনোয়ারুল হকের নেতৃত্বাধীন ট্রাইব্যুনাল এই রায় ঘোষণার জন্য এদিন ধার্য করেন।

(রে, টুডে : ০৮:৪৫ ঘ. ১৯/০৪/১৭ আছাদ/হেলাল) **:: সমাপ্ত ::**